

ইকোয়ালিটি স্কটল্যান্ড (Equality Scotland) বয়স্কদের জন্য বাসস্থান (Housing for Older People)

সুখী এবং সমৃদ্ধশালী নববর্ষের শুভেচ্ছা

এক দশকের সাফল্য তুলে ধরে যুগান্তকারী কনফারেন্স

দশম বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে আয়োজিত স্কটল্যান্ডের প্রথম এথনিক মাইনরিটি (সংখ্যালঘু) বয়স্ক লোকদের কনফারেন্সে একটা চমৎকার মাল্টিকালচারাল সমাবেশ সমান সুযোগের (ইকোয়াল অপারচুনিটিস) এক রঙ্গিন নতুন অধ্যায়ের সূচনা করেছে।

ট্রাস্ট হ্যানোভার (স্কটল্যান্ড) এবং বিয়েন্ড হাউজিং এর আমন্ত্রণে (হোস্ট) এ কনফারেন্স স্কটল্যান্ড সরকারের এইজ এন্ড ওল্ডার টিম এর সাথে যৌথভাবে অক্টোবরে ফস্কিরিকের ম্যাকডোনাল্ড ইনচিরা হোটেলে আয়োজন করা হয়েছিল।

গোটা স্কটল্যান্ডের এথনিক মাইনরিটি গ্রুপের 350 জনেরও বেশি অতিথি এতে অংশ নিয়েছিলেন। কনফারেন্সে প্রধান বক্তা ছিলেন মিনিষ্টার ফর হাউজিং এবং কমিউনিটিস এলেক্স নেইল এমএসপি। তিনি ইকোয়াল অপারচুনিটিস প্রোগ্রাম এবং এর কাজের প্রয়োজনীয়তা স্বীকার করেন এবং স্কটল্যান্ডে এথনিক মাইনরিটি লোকদের ভূমিকার গুরুত্ব তুলে ধরেন।

বাইরের দেশ থেকে আগত (অভিবাসী) বয়স্ক লোকদের জন্য ইউরোপে যে কাজ হচ্ছে সে ব্যাপারে জার্মানীর

মিনিষ্ট্রি ফর ইন্টিগ্রেশনাল এফেয়ারস, ফ্যামিলি, উইমেন এন্ড ইন্টিগ্রেশন ড. সাবাইন স্কুলজ বক্তব্য রাখেন। অতিথিরা বিভিন্ন কালচারের লাঞ্চ এবং প্রচলিত ভারতীয় নৃত্যশিল্পী, চাইনিজ নৃত্যশিল্পী এবং অফ্রিকান ড্রাম বাদকদের প্রদর্শিত সরাসরি (লাইভ) বিনোদনমূলক অনুষ্ঠান উপভোগ করেন। তারা ইকোয়াল অপারচুনিটিস প্রোগ্রামের 10 বছরের কাজকে সমন্বিত করে তৈরি প্রথমবারের মত জনসাধারণকে দেখানো স্মৃতিমূলক একটা ফিল্মও উপভোগ করেন।

“আমি ট্রাস্ট, হ্যানোভার এবং বেইন্ড হাউজিং এসোসিয়েশন গত 10 বছর ধরে ইকোয়াল অপারচুনিটিস প্রোগ্রামের যে চমৎকার কাজ করছে সে ব্যাপারে অবগত। আমি তাদের অভূতপূর্ব সাফল্যের জন্য ধন্যবাদ জানাচ্ছি।”

ফার্স্ট মিনিষ্টার,
আরটি. হন এলেক্স সালমন্ড এমএসপি

এ নিউজলেটার চাইনিজ (কোন্ট্রি), হিন্দি, পাঞ্জাবী, উর্দু, আরবী এবং বাংলায় পাওয়া যাবে।

নিউজলেটার

ইস্যু 19

জানুয়ারী 2010
ভেতরে রয়েছে...

•স্টাফ যোগদান
মাইগ্রান্ট এডারস
ইভেন্ট ইন ইউরোপ

•‘গুড প্রাক্টিস’
রেকগনিশন ফর
ইকোয়াল অপস

•মেমোরিস প্রজেক্ট

•গেট আপ এন্ড গো
এওয়ার্ডস 2009 রানার্স
আপ

Trust
More than just a home

HANOVER
SCOTLAND

BIELD
INDEPENDENCE FOR OLDER PEOPLE

অনুষ্ঠানের ছবি



ট্রাষ্ট, হ্যানোভার (স্কটল্যান্ড) এবং বেইন্ড হাউজিং এসোসিয়েশনের সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তাদের সাথে এলেক্স নেইল, এমএসপি



কনফারেন্সে অতিথিবৃন্দ



ভারতীয় ঐতিহ্যবাহী নৃত্য



এলেক্স নেইল, এমএসপি এর সাথে ড. স্কুলজ

www.EqualityScotland.com

অনুষ্ঠানের আরো ছবি



চীনা নৃত্য



আফ্রিকান নৃত্য

বয়স্কদের সেবা প্রকল্পসমূহের পরিধি সফলভাবে বাড়ানো হচ্ছে

বয়স্ক সেবা উন্নয়ন প্রকল্পসমূহ এখন দ্বিতীয় বছরের শেষ প্রান্তে উপনীত। এথনিক মাইনরিটি বয়স্করা যেসব সুবিধা এবং সেবা পাওয়ার উপযোগ্য তা সফলভাবে দাবী করার ক্ষেত্রে গোটা স্কটল্যান্ড জুড়ে এ প্রকল্পসমূহ সাহায্য করে যাচ্ছে।

এ পর্যন্ত 450 এর বেশি বেনিফিট বিশ্লেষণ করা হয়েছে এবং 366,000 পাউন্ড বেনিফিট তোলা (আদায় করা) হয়েছে। এ অতিরিক্ত আয় দীর্ঘ মেয়াদী অর্থনৈতিক মন্দার সাথে খাপ খাইয়ে নিতে অনেক পরিবারকে সাহায্য করেছে। তৃতীয় বছরে আমরা আরো উত্তরে ফরফার, এবারডীন এবং হাইল্যান্ড এর কমিউনিটিসমূহে আমাদের সেবার পরিধি বাড়াতে চাচ্ছি।

আমরা সব সময়ের মতই কমিউনিটিসমূহে পৌঁছার জন্য কঠোর পরিশ্রম করে যাব এবং যত সম্ভব বয়স্ক লোকজনকে আমাদের সেবার কথা জানাব। প্রকল্প সমন্বয়কারীরা অনবরত ডে কেয়ার সেন্টার এবং কমিউনিটি সংগঠন সমূহের সাথে যৌথভাবে সার্জারীর আয়োজন করে যাচ্ছেন।



LOTTERY FUNDED

স্থানীয় কমিউনিটিতে এসব সার্জারীর ব্যাপারে তথ্যবহুল বিজ্ঞাপন দেয়া হয়।

আপনার বয়স যদি 60 বছরের বেশি হয়ে থাকে অথবা আপনি যদি এমন কাউকে জানেন যিনি আমাদের সেবা থেকে সুবিধা পেতে পারেন, তারা স্কটল্যান্ড বা অন্য কোথাও বসবাস করুন না কেন, আমরা সাহায্য করতে সক্ষম হব। অনুগ্রহ করে সাক্ষাতের জন্য নীচ (0131 444 4952) অথবা এছনির (0131 444 4941) সাথে যোগাযোগ করুন।

আর দেরী নয়, আজই দাবী করুন!!!!!!

রানি ধীরকে হ্যাপী টু ট্রানস্লেইট এর সভাপতি হিসেবে নিয়োগ দেয়া হয়েছে



HAPPY TO TRANSLATE

দি হ্যাপী টু ট্রানস্লেইট প্রজেক্ট ড্রিম চ্যাপেল হাউজিং কো-অপারেটিভ এর ইগজেকুটিভ ডিরেক্টর রানি ধীরকে এর স্ট্রাটজিক এডভাইজরি গ্রুপের সভাপতি হিসেবে নিয়োগ দিয়েছে এবং এর প্রথম প্রাইভেট সেক্টরের সদস্যসহ ছয়জন নতুন সদস্যকে স্বাগত জানিয়েছে।

রানি বিগত সভাপতি, হ্যানোভার (স্কটল্যান্ড) হাউজিং এসোসিয়েশনের প্রধান নির্বাহী হেলেন মুরডক এর স্থলাভিষিক্ত হলেন। হেলেন মুরডক 2004 সালে শুরু পর থেকে এ প্রজেক্টের সাথে যুক্ত ছিলেন। আমরা গত পাঁচ বছর ধরে এ প্রজেক্টে হেলেনের আত্মনিয়োগ এবং সার্বক্ষণিক সহায়তার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

স্কটল্যান্ডের বেশ কিছু বঞ্চিত কমিউনিটির সাথে অনেক বছর ধরে কাজ করে অর্জিত অভিজ্ঞতা রানি বর্তমান পদে নিয়ে আসবেন। এ কারণে তাকে বর্তমান পদে একজন মূল্যবান নিয়োগ মনে করা হচ্ছে। তিনি হাউজিং এর কমিউনিটি ওউনারশীপের ক্ষেত্রে একজন অগ্রদূত এবং অনেকগুলো প্রাইভেট এবং পাবলিক সেক্টরে গুরুত্বপূর্ণ পদে রয়েছেন।

হ্যাপী টু ট্রানস্লেইট এর প্রভাব দিন দিন বাড়ছে এবং এ ধারাবাহিকতায় প্রথমবারের মত ছয়জন নতুন প্রাইভেট সেক্টরের সদস্যকে নিয়োগ দেয়া হয়েছে। এর মধ্যে রয়েছে প্রপার্টি বিশেষজ্ঞ গ্লাসগোর দি এঞ্জেল গ্রুপ এবং গ্যাসের ক্ষেত্রে পরামর্শ বিশেষজ্ঞ সিটি ওয়ার্ম লিমিটেড।

অন্যান্য নতুন সদস্যরা হল, দি স্কটিশ ক্রিমিনাল কেইসেস রিভিউ; ড্রামচ্যাপেল হাউজিং কোঅপারেটিভ, কিউব হাউজিং এসোসিয়েশন এবং কিলব্রাইড এন্ড ডিস্ট্রিক্ট হাউজিং এসোসিয়েশন।

আমরা খুব আনন্দিত যে এ উদ্যোগ অনবরত নতুন দিগন্ত উন্মোচন করে চলছে এবং সর্বসাধারণ (পাবলিক) মুখী শিল্পে অনেক নতুন সদস্যকে আকর্ষণ করছে। 2010 সালে আমরা আরো অনেক অগ্রগতিমূলক সুযোগের আশা করছি।

আপনি যদি এ প্রজেক্টের ব্যাপারে আরো জানতে চান তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন:

ক্যাটরিনা ম্যাকএনটিগার্ট

ডেভেলপমেন্ট এন্ড মার্কেটিং অফিসার

0131 444 4951 অথবা

kmcentegart@trusha.org.uk অথবা আমাদের **ওয়েবসাইট** ভিজিট করুন:

www.EqualityScotland.com

চাকরির সুবিধা রয়েছে এমন প্রজেক্ট নতুন অনুদান পেয়েছে



ক্যাপিটালসিটি পার্টনারশীপ থেকে জব অপারচুনিটিস প্রজেক্ট নতুন অনুদান পেয়েছে। এ অনুদান আরো দুই বছর যাবৎ এর অভিনব কাজ চালিয়ে যেতে সক্ষম করবে।

এ প্রজেক্ট এথনিক মাইনরিটি ব্যকগ্রাউন্ডের লোকদেরকে চাকরির সুবিধায় সুযোগ (এক্সেস) পেতে সহায়তা করে এবং কমিউনিটি এমপ্লয়ারদের মধ্যে যোগাযোগ বাড়ায়। তারা তাদের কাজকর্ম নতুন করে বিশ্লেষণ করবে, পুনর্বিবেচনা করবে এবং যোগাযোগ ও পার্টনারশীপের সংখ্যা বাড়াবে।

এ প্রজেক্ট সফলভাবে আরো পার্টনারশীপ গড়েছে এবং কমিউনিটি সংগঠন এবং একই ক্ষেত্রে কাজ করছে এমন সংস্থা বা 'ওয়ার্কিং ফর ফ্যামিলিস', শক্তি এবং কোর এর মত অতিরিক্ত সহায়তা সেবা দেয় এমন সংস্থার সাথে যোগাযোগ স্থাপন করেছে।

একই সাথে প্রজেক্টটি বেতনভুক্ত কাজ খুঁজছে এমনসব লোকদের দিক নির্দেশনা ও সহযোগিতা দেয়ার সাথে সাথে ওয়ার্ক প্লেসমেন্ট আয়োজনের জন্য এমপ্লয়ারদের সাথে খুব কাছাকাছি থেকে কাজ করছে। প্লেসমেন্টে শিক্ষার্থীদের জন্য মূল্যবান অভিজ্ঞতা সঞ্চয়ের সুযোগ করে দিচ্ছে।

এর মাধ্যমে শিক্ষার্থীরা নতুন দক্ষতা, বাড়তি আত্মবিশ্বাস এবং বৈধ রেফারেন্স পাচ্ছে।

শিক্ষার্থী এবং যেসব এমপ্লয়ার প্লেসমেন্টকে এ প্রজেক্ট থেকে সুবিধা নেয়ার একটি অন্যতম সুযোগ মনে করছে উভয়েরই জন্যই প্লেসমেন্ট ইতিবাচক ভূমিকাসহ সফল প্রমাণিত হয়েছে।

এ প্রজেক্ট এ পর্যন্ত 42 জনকে যাচাই করেছে এবং তাদেরকে সহায়তা করেছে। এখানে লোক পাঠানোর নির্দেশ এসেছে অর্গানাইজেশন থেকে, কথার মাধ্যমে এবং অনেকে নিজে নিজেই এসেছেন।

আগের ক্লায়েন্টরা এখনো যোগাযোগ রাখছে এবং এ প্রজেক্টের মাধ্যমে দুইজন নিরাপদ স্থায়ী চাকরি পেয়েছে।

আমরা ইতিমধ্যে নতুন দুটি প্লেসমেন্টের আয়োজন করেছি এবং বাঁধা ভাঙ্গা এবং নতুন জবের সুযোগ সৃষ্টির উদ্দেশ্য নিয়ে এমপ্লয়ারদের সাথে আরো প্লেসমেন্টের আয়োজন করছি।

সহায়তা সেবাগুলো যাতে এথনিক মাইনরিটি লোকজনের এবং এমপ্লয়ারদের প্রয়োজন মেটানোর সাথে সামঞ্জস্যপূর্ণ হয় প্রজেক্ট তা নিশ্চিত করছে।

আপনি যদি এমন কাউকে জানেন যিনি এ প্রজেক্ট থেকে সুবিধা পেতে পারে তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন।

নাসরিন আমজাদ

জব অপারচুনিটিস ডেভেলপমেন্ট অফিসারকে

**0131 444 4953 নম্বরে অথবা
namjad@trustha.org.uk
অথবা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন:
www.EqualityScotland.com**



CAPITAL CITY
PARTNERSHIP

মেমোরিস প্রজেক্ট

স্কটল্যান্ডে 1950 এবং 1960 এর দশকের মাইনরিটি লোকদের স্কটল্যান্ডের বাইরে থেকে আসার ব্যক্তিগত কাহিনী সংগ্রহ করা হচ্ছে মেমোরিস প্রজেক্টের মাধ্যমে।

এখনিক ব্যাকগ্রাউন্ডের 10 বহিরাগতের দুইপৃষ্ঠা বিস্তৃত স্মৃতি নিয়ে একটি নমুনা বই তৈরি করা হয়েছে। এতে আরো রয়েছে মূল ছবি এবং দৃশ্যমান অন্যান্য জিনিসের রেকর্ড। আরো 18 জন বয়স্ক ব্যক্তির গবেষণা ইন্টারভিউর (সাক্ষাৎকার) রেকর্ডও আমরা সংগ্রহ করেছি।

ব্যাকগ্রাউন্ডের জন্য ইকোয়াল অপারচুনিটিস প্রোগ্রামের মাধ্যমে গঠিত একটি বিশেষ দল এ প্রজেক্ট পরিচালনা করেছে। এ দলে ছিলেন একজন বইয়ের নকশা প্রণয়নকারী (ডিজাইনার), লেখক, সম্পাদক, ফটোগ্রাফার (চিত্রধারণকারী) এবং দোভাষী।


আমরা যদি প্রয়োজনীয় অর্থ অনুদান পাই, তাহলে যে পূর্ণ-দৈর্ঘ্যের বই প্রকাশ করার ইচ্ছা রয়েছে, সেটার ধরণ (স্টাইল) কেমন হবে বইয়ের গল্পসমূহ এবং ছবির মাধ্যমে তা তুলে ধরা হয়েছে।

ব্যক্তিবিশেষের বিষয়ভিত্তিক গবেষণামূলক ইন্টারভিউর উপর ভিত্তি করে গল্পগুলো সাজানো হয়েছে।

বহিরাগত হিসেবে তাদের প্রথমদিকের জীবন স্মরণ করতে বয়স্কদের নিজস্ব গতির প্রয়োজনীয়তা, তাদের অনুভূতি বুঝা এবং অনেক ধৈর্য এ গবেষণায় প্রয়োজন হয়েছে। মেমোরিস প্রজেক্ট থেকে মূল যে বিষয়টি

পাওয়া গেছে তা হল স্কটল্যান্ড এবং (ইউকে জুড়ে) মাইনরিটি এখনিক ব্যাকগ্রাউন্ডের লোকেরা আধুনিক ইমিগ্রেশন ইতিহাসের একটা গুরুত্বপূর্ণ অংশের সরাসরি তথ্যের মূল্যবান অক্ষত উৎস। এওয়ার্ডস ফর অল এর অনুদান 'মেমোরিস প্রজেক্টের' সবগুলো মূল লক্ষ্য অর্জনে সক্ষম করেছে।

এর মাধ্যমে দেখান সম্ভব হয়েছে যে এটাকে একটা অনন্য এবং রোমাঞ্চকর (ভাইব্রান্ট) ঐতিহাসিক রেকর্ড হিসেবে গড়ে তোলার সুযোগ রয়েছে।



ইউরোপ বিষয়

ইতালীর স্বাস্থ্য দলের এডিনবার্গে আগমন

সেবা প্রদানকারীদের মাধ্যমে পরিচালিত সৃষ্টিশীল প্রজেক্টসমূহ সম্বন্ধে আরো তথ্য জানতে ইতালীর স্বাস্থ্যকর্মীদের একটি দল এডিনবার্গে এসেছিলেন।

এথনিক গ্রুপের সাথে যেসব অগ্রসব (প্রোএক্টিভ) কাজ রয়েছে তা পর্যবেক্ষণ এবং কিভাবে স্কটল্যান্ডের আইডিয়া ইতালীতে কাজে লাগানো যায় সেটাই ছিল এ দলের মূল উদ্দেশ্য।

লাঞ্ছের সময় এ দল পারস্পারিক আইডিয়া আদান প্রদানের এক সজীব আলোচনায় অংশ নিয়েছিলেন এবং ইকোয়াল অপরচুনিটিস প্রোগ্রাম দ্বারা পরিচালিত বিভিন্ন প্রজেক্টের ব্যাপারে অনেক তথ্য নিয়ে তারা চলে গেছেন।

জনসংখ্যার দিক থেকে ইউরোপিয়ান ইউনিয়নের মধ্যে ইতালী চতুর্থ এবং এর শতকরা 7.5% ইমিগ্রান্ট দেশগুলো থেকে।

ইউরোপের মাইগ্রান্ট বয়স্কদের অনুষ্ঠানে কর্মকর্তার (স্টাফ) অংশ নিয়েছেন।

সারা ইউরোপ জুড়ে মাইগ্রান্ট বয়স্কদের জীবনের মান বাড়াতে অনুষ্ঠিত একটা বিশেষ আন্তর্জাতিক ওয়ার্কশপে রোহিনী শর্মা জোশি এবং হেলেন মুরডক (প্রধান নির্বাহী কর্মকর্তা, হ্যানোভার (স্কটল্যান্ড) হাউজিং এসোসিয়েশন) ইকোয়াল অপরচুনিটিস প্রোগ্রামের প্রতিনিধি হিসেবে যোগ দিয়েছিলেন।

এ ওয়ার্কশপ অক্টোবরে ব্রাসেলসে অনুষ্ঠিত হয়েছিল এবং এক্টিভ এন্ড মাইগ্রান্ট এলডারস ইন ইউরোপ (এএএমইই) প্রজেক্টের অংশ হিসেবে এবং ইউরোপিয়ান কমিশনের সাথে যৌথভাবে এ ওয়ার্কশপ আয়োজন করা হয়েছিল।

যেসব বিষয়সমূহ ইউরোপ জুড়ে মিউচুয়াল ইন্টিগ্রেশন, এক্টিভ এইজিং এবং বয়স্কদের ক্ষমতায়ন মাইগ্রান্টদের আরো সুখী এবং পরিপূর্ণ জীবন যাপনে অবদান রাখতে পারে সেসব বিষয়সমূহ আলোচিত হয়েছে। এতে মূল বক্তারা ছিলেন ইউরোপিয়ানা কমিশন, পার্লামেন্ট এবং এএএমইই প্রজেক্ট থেকে।

পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে যে আগামী 20 বছর ধরে ইউরোপিয়ান ইউনিয়নে 65-79 বয়সের লোকজনের সংখ্যা সারা ইউরোপ জুড়ে বাড়বে অন্যদিকে কম বয়স্ক লোকের সংখ্যা ব্যাপকভাবে কমে যাবে। এ থেকে গুরুত্বপূর্ণ জনসংখ্যাতাত্ত্বিক (ডেমোগ্রাফিক), সামাজিক এবং অর্থনৈতিক পরিবর্তনের ধারা বুঝা যাচ্ছে।

‘গুড প্রাক্টিস’ ইউরোপিয়ান রিগকনিশন ফর ইকোয়াল অপরচুনিটিস প্রজেক্ট

ইকোয়াল অপরচুনিটিস প্রোগ্রাম পরিচালিত অত্যন্ত মানসম্পন্ন কাজ এথনিক মাইনরিটি বয়স্ক লোকদের জীবনের মান বাড়াতে যেসব সংগঠন কাজ করছে তাদের ভাল কর্মপদ্ধতি নিয়ে নতুন ইউরোপিয়ান পাবলিকেশন ‘গুড প্রাক্টিস’ এ অন্তর্ভুক্তের মাধ্যমে স্বীকৃত হয়েছে। একটা সফল ইউরোপিয়ান কনফারেন্স এবং 2008 সালে অনুষ্ঠিত ‘এক্টিভ এইজিং এন্ড মাইগ্রান্ট এল্ডারস (এএএমইই)’ গুড প্রাক্টিস আদানপ্রদান প্রোগ্রামের পরপরই এ নতুন ‘গুড প্রাক্টিস’ প্রকাশিত হয়েছে।

দি ইকোয়াল অপরচুনিটিস প্রোগ্রাম ইউরোপিয়ান পর্যায়ে স্বীকৃতি অর্জন এবং ‘গুড প্রাক্টিস’ এর উদাহরণ হিসেবে অন্তর্ভুক্ত হতে পেরে আনন্দিত।

এডিনবার্গ**ট্রাস্ট এইচ এ**

12 New Mart Road
Edinburgh EH14 1RL
Tel: 0131 444 1200
www.trustha.org.uk

হ্যানোভার (স্কটল্যান্ড) এইচএ

95 McDonald Road
Edinburgh EH7 4NS
Tel: 0131 557 0598
www.hsha.org.uk

বিয়েন্ড এইচএ

79 Hopetoun Street
Edinburgh EH7 4QF
Tel: 0131 273 4000
www.biield.co.uk

থ্রাসগো**ট্রাস্ট এইচএ**

First Floor, Pavilion 5
Watermark Business Park
345 Govan Road
Glasgow G51 2SE
Tel: 0141 227 1994
www.trustha.org.uk

হ্যানোভার (স্কটল্যান্ড) এইচএ

Ground Floor, Pavilion 5
Watermark Business Park
345 Govan Road
Glasgow G51 2SE
Tel: 0141 553 6300
www.hsha.org.uk

বিয়েন্ড এইচএ

Unit 6, 7 Eagle Street
Glasgow G4 9XA
Tel: 0141 270 7200
www.biield.co.uk

ডাল্ডি**বিয়েন্ড এইচএ**

Kingsburn Court
Pitalpin Street, Dundee
Angus, DD2 2TY
Tel: 01382 612307
www.biield.co.uk

এরান**আইল অব এরান হোমস**

Springbank, Brodick
Isle of Arran KA27 8BE
Tel: 01770 303700
Fax 01770 303701

এলগিন**হ্যানোভার (স্কটল্যান্ড)**

হাউজিং এসোসিয়েশন লিমিটেড
12 Institution Road
Elgin IV30 1QX
Tel: 01343 548585
Fax: 01343 549519

গেট আপ এন্ড গো এওয়ার্ডস 2009

আমরা অত্যন্ত আনন্দিত যে গেট
আপ এন্ড গো এওয়ার্ডস 2009

‘এনকারিজিং দি পার্টিসিপেশন
অব ওল্ডার পিপল এডিনবার্গ’ এর
জন্য ইকোয়াল অপারচুনিটিস
প্রোগ্রাম রানার্স-আপ সার্টিফিকেট
পেয়েছে।

22 জুলাই বুধবার সিটি চেয়ার্সে
এ পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

**ইকোয়াল অপারচুনিটিস টিম**

”ইকোয়াল অপারচুনিটিস প্রোগ্রাম”

রোহিনী শর্মা জোসি

হাউজিং ইকোয়াল অপারচুনিটিস
ম্যানেজার
টেলিফোন: 0131 444 4950
ইমেইল: rsharma@trustha.org.uk

নীরু ভাটনগর

ওল্ডার পিপল সার্ভিসেস কোঅর্ডিনেটর
টেলিফোন: 0131 444 4952
ইমেইল: neerub@trustha.org.uk

এছনি লি চু

ওল্ডার পিপল সার্ভিসেস কোঅর্ডিনেটর
টেলিফোন: 0131 444 4941
ইমেইল: chu@trustha.org.uk

ক্যাটরিনা ম্যাকএনটিগার্ট

ডেভেলপমেন্ট এন্ড মার্কেটিং অফিসার
টেলিফোন: 0131 444 4951
ইমেইল: kmcentegart@trustha.org.uk

নাসরীন আমজাদ

জব অপারচুনিটিস ডেভেলপমেন্ট অফিসার
টেলিফোন: 0131 444 4953
ইমেইল: namjad@trustha.org.uk

সেরেনা এপলবাই

এডমিনিস্ট্রিটিভ এসিসট্যান্ট
টেলিফোন: 0131 444 4942
ইমেইল: sappleby@trustha.org.uk



এ নিউজলেটার ট্রাস্ট, হ্যানোভার(স্কটল্যান্ড) এবং বিয়েন্ড হাউজিং এসোসিয়েশনের যৌথ প্রকাশনা। আগের
ইস্যু www.EqualityScotland.com ওয়েব সাইটে পাওয়া যাবে। আপনি যদি কোন মন্তব্য
করতে চান অথবা পরামর্শ দিতে চান অথবা আপনি যদি আপনার কোন ইভেন্ট বা প্রজেক্ট প্রকাশনার জন্য
বিবেচনা করে থাকেন, তাহলে অনুগ্রহ করে যোগাযোগ করুন:

ইকোয়াল অপারচুনিটিস প্রোগ্রাম

12 New Mart Road, Edinburgh EH14 1RL
Tel: 0131 444 4942 Fax: 0131 444 4949

www.EqualityScotland.com